

রাজশাহীর গোদাগাড়ী থেকে ১০০০ পিস ইয়াবা ও ২০ গ্রাম হেরোইনসহ ০১ জন গ্রেফতার



গত ১৯/০৮/২০১৪ তারিখ রাজশাহী উপ-অঞ্চলের রাজশাহী সদর “এ” সার্কেলের পরিদর্শক জনাব মোঃ মোস্তফা জামান এর নেতৃত্বে একটি টিম চাঁপাই টু রাজশাহী মহাসড়কে গোদাগাড়ী থানাধীন চাপাল নামক স্থানে বায়তুস সালাম জামে মসজিদের

উত্তর পার্শ্বে অভিযান চালিয়ে আসামী মোঃ নাইমুল হক (৩৩), পিতা- মৃত সিরাজ উদ্দিন, সাং- মহিষালবাড়ী, থানা- গোদাগাড়ী, জেলাঃ রাজশাহী এর মোটর সাইকেলের গতিরোধ করে তার দেহ তল্লাশী করে তার পড়নের জিপ্সের প্যান্টের ডান পকেট থেকে ১,০০০ (এক হাজার) পিস ইয়াবা ও ২০ (বিশ) গ্রাম হেরোইন উদ্ধার করেন। এ ব্যাপারে গোদাগাড়ী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।